
# দেয়াল–পত্রিকা

দেয়াল – পত্রিকা একটি নমুনা দেওয়া হ'ল। এই পত্রিকাটি প্রকাশের জন্য কয়েকজন বিদ্যার্থী নিয়ে একটি সম্পাদক মণ্ডলী গড়া যেতে পারে। ছাত্রছাত্রীদের কাছ থেকে লেখা ও আঁকা সেগমরহ, পত্রিকাটির অলঙ্করণ, হাতে লেখা প্রভৃতি হবে সম্পাদক মন্ডলীর সদস্যদের কাজ। পত্রিকাটি পাক্ষিক (অর্থাৎ পনেরো দিন বাদ) অথবা মাসিক হতে পারে। সব কাজে শিক্ষখ মহাশয়ের নির্দেশ এবং পরিচালনা অবশ্যই প্রয়োজন।



নিবেদন

আমাদের নিবেদিতা

নর্মদা চট্টোপাধ্যায়, ক্লাস-V

আজ থেকে প্রায় ১০০ বছর আগে ১৮৯৯ সালে কোলকাতায় ভয়ঙ্কর প্লেগ হয়েছে, নিবেদিতা বোসপাড়ায় যে বাড়িতে থাকতেন তার উল্টো দিকে একটা ছোট্ট মুচির বাড়ি ছিল। একদিন রাতে তিনি লিখতে বসেছেন, হঠাৎ সেই বাড়ি থেকে কান্নার শব্দ এল, নিবেদিতা তক্ষুনি ছুটে গেলেন। তাঁর চোখের সামনেই একটি ছোট্ট মেয়ে মারা গেল। মনে হল যেন তাঁরই কোন পরমাত্মীয় মারা গেছে। তিনি দুঃখী মায়ের মাথাটি কোলে নিয়ে নিরবে বসে রইলেন। অনেকক্ষণ কান্নার পর মেয়েটির মা একটু শান্ত হয়ে হঠাৎ বলে উঠল, 'আমার মেয়ে কোথায় গেল,' নিবেদিতা বললেন, 'চুপ তোমার মেয়ে এখন মা কালীর কাছে।' মনে হল এই আশ্বাস তাকে অনেকটা সান্ত্বনা দিয়েছে। সে শান্ত হল। নিবেদিতা অনুভব করলেন, তিনি তাদেরই একজন।

কৃষক ভাই

রিঙ্কু রায়, ক্লাস-IV

কৃষক যারা কষ্ট করে
করছে খেতে চাষ,
তার দু'হাতে অন্ন মোরা
পাইযে বারো মাস।
কত রকম ফসল ফেলে
বুনছে মনের সুখে
ভিজছে জলে, পুড়ছে রোদে
থেমে নেইকো দুখে।
যে আমাদের দেশের মানুষ
আমাদেরই ভাই,
তার দৌলতে মোদের ঘরে
খুশির সীমা নাই।

কাকের কথা

তীর্থ সরকার, ক্লাস-III

একটা ছিল কাক,
একটা ছিল কালী,
সকাল, দুপুর, সন্ধ্যে হলেই
করত ডাকাডাকি।
আমি আসতেন লাঠি নিয়ে,
আমার হাতে বাটি,
ভাত ছড়িয়ে দিতাম
মায়ের চোখকে দিয়ে ফাঁকি।

ছবি- আয়েষা খাতুন
ক্লাস IV

পাওয়া গেছে

স্কুলের বারান্দায় একটি কলম পাওয়া গেছে, যার কলম সে উপযুক্ত প্রমাণ দিয়ে নিয়ে যাও।

প্রধান শিক্ষক

130

# নিবেদিতা বিদ্যালয় পত্রিকা

## ১ম বর্ষ, ১-ম সংখ্যা ২০০১

### সত্যি বাঘের সঙ্গে খেলা

সাবর্ণ দাস, ক্লাস II

সকালবেলা বাঘের বাচ্চাটা খাঁচের মধ্যে খেলা করছিল। আমার হাতে একটা লাল বল ছিল। আমারও খুব ইচ্ছে হচ্ছিল ওর সঙ্গে খেলা করি, কোলে নিয়ে আদর করি। তাই বলটা নিয়ে ওর কাছে গেলাম, কী খুশি! লাল বল দেখে তাড়াতাড়ি আমার কাছে এগিয়ে এল। বলটা সামনে ধরলাম, শুঁকলো। আমি যেই আঙুল দিয়ে ছোঁব ভাবছি ওমা কোথা থেকে হালুম করে মস্ত বড় বাঘ আমার সামনে লাফিয়ে পড়ল। আমি তো উল্টে পড়েই গেলাম। ভয়ে চোখ বন্ধ আমার, কোনরকমে শুয়ে শুয়েই আড় চোখে তাকিয়ে দেখি মা বাঘ তার সামনের থাবা দিয়ে বাচ্চাটাকে কোলে টেনে নিল। আমি গা ঝেড়ে উঠে দাঁড়ালাম। যাক আমার ঘাড় মটকাতে পারেনি। আর মটকাবেই বা কী করে? ওটা ভিডিয়োখানা ছিল যে।



### বিদ্যালয় সংবাদ

গত ২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবসে স্কুলে একটি সুন্দর অনুষ্ঠান হয়। বাইরের বহু অতিথি এসেছিলেন।

এবছর গরমের ছুটির আগে স্কুলের প্রতিষ্ঠা দিবস পালিত হবে। এই উপলক্ষে নাচ, গান, নাটক, আবৃত্তি ইত্যাদি হবে। যারা অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা বর্গ শিক্ষকের কাছে নাম লেখাও।

— • —

এবছর প্রথম আমাদের স্কুলে 'নিবেদন' দেওয়াল পত্রিকাটি প্রকাশিত হল। আশা করি পত্রিকাটি সবার ভালো লাগবে। বর্তমানে পত্রিকাটি মাসিক পত্রিকাই থাকবে, ভবিষ্যতে পাক্ষিক বা সাপ্তাহিক হতে পারে।

আগামী সংখ্যায় প্রকাশের জন্য লেখা অতি সত্বর আগে সম্পাদকের কাছে জমা দাও।

সম্পাদনায় - পূর্ণেন্দু মুখোপাধ্যায়, বীথিকা সরকার,

ছবি এঁকে সাজিয়েছেন - শুভেন্দু বিশ্বাস।